

কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস

## বিশ্বসেরা বিশ্ববিদ্যালয়ের তালিকায় ঢাবির অবস্থান ৬৩৭

ঢাবি প্রতিবেদক

০৬ ডিসেম্বর ২০২৩, ০৯:৫৪ পিএম



যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াক কোয়ারেলি সায়মন্ডস (কিউএস) বিশ্বসেরা ১ হাজার ৩৯৭টি টেকসই বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। তালিকায় সেরা এক হাজারের মধ্যে স্থান পেয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)। সেরা এক হাজারের বাইরে বাংলাদেশের আরও চারটি বিশ্ববিদ্যালয় রয়েছে।

গতকাল মঙ্গলবার দ্বিতীয়বারের মতো ‘কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস: সাসটেইনেবিলিটি ২০২৪’ শীর্ষক টেকসই বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিং প্রকাশ করে কিউএস।

তালিকায় ৬৩৭তম স্থানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এবং ৯০১ থেকে ৯২০ এর মধ্যে স্থান পেয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)। এ ছাড়া এক হাজারের মধ্যে বাংলাদেশের আর কোনো বিশ্ববিদ্যালয়ের স্থান

হয়নি।

এদিকে সেরা ১ হাজারের বাইরে থাকা চারটি বিশ্ববিদ্যালয় হলো– নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

প্রকাশিত তালিকার বিশ্বসেরা ১০ বিশ্ববিদ্যালয় হলো ক্রমানুসারে– ইউনিভার্সিটি অব টরন্টো; ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, বার্কলে (ইউসিবি); ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার, ইউনিভার্সিটি অব ব্রিটিশ কলাম্বিয়া; ইউনিভার্সিটি অব অকল্যান্ড; ইম্পেরিয়াল কলেজ লন্ডন; ইউনিভার্সিটি অব সিডনি; লুড ইউনিভার্সিটি; ইউনিভার্সিটি অব মেলবোর্ন; ওয়েস্টার্ন ইউনিভার্সিটি ও ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলস।